

## 💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ তিন প্রকার রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## কেরান হজ্জ

উমরার সাথে যুক্ত করে একই এহরামে উমরা ও হজ্জ আদায় করাকে কেরান হজ্জ বলে। কেরান হজ্জ দু'ভাবে আদায় করা যায়।

- ক) মীকাত থেকে এহরাম বাধার সময় হজ্জ ও উমরা উভয়টার নিয়ত করে এহরাম বাঁধা। মক্কায় পৌঁছে প্রথমে উমরা আদায় করা ও এহরাম অবস্থায় মক্কায় অবস্থান করা। হজ্জের সময় হলে একই এহরামে মিনা-আরাফায় গমন ও হজ্জের যাবতীয় কাজ সম্পাদন করা।
- খ) মীকাত থেকে শুধু উমরার নিয়তে এহরাম বাঁধা। পবিত্র মক্কায় পৌঁছার পর উমরার তাওয়াফ শুরু করার পূর্বে হজ্জের নিয়ত উমরার সাথে যুক্ত করে নেয়া। উমরার তাওয়াফ-সাঈ শেষ করে, এহরাম অবস্থায় হজ্জের অপেক্ষায় থাকা ও ৮ জিলহজ্জ একই এহরামে মিনায় গমন ও পরবর্তী কার্যক্রম সম্পাদন করা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3458

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন